


Baul Gaan O Bhabapritanander Jhumur



বাউল গান ও ভবপ্রীতানন্দের ঝুমুর বরণ মণ্ডল

বাংলা লোকসাহিত্যের ধারায় বাউল গান এবং ঝুমুর গান দুটি উল্লেখযোগ্য শাখা হিসেবে পরিগণিত। সমগ্র বাংলাদেশ জুড়েই বাউলগানের ধারাটি বিস্তারলাভ করে থাকলেও ঝুমুর গান মূলত পশ্চিমবঙ্গের ঝাড়খণ্ড ও বিহার সংলগ্ন পুরুলিয়া, বাঁকুড়া এবং বীরভূম জেলার কিছু অংশে এই গানের বিস্তার লক্ষ করা যায়। তবে বহুদিন ধরেই পুরুলিয়া জেলা ঝুমুর চর্চা ও সাধনার প্রধান কেন্দ্রস্থল হয়ে উঠেছে। এই ধারায় অনেক খ্যাতনামা কবির আবির্ভাব ঘটলেও যিনি 'ঝুমুর সঘাট' হিসেবে পরিচিত তিনি হলেন পঞ্চকোটরাজ সভাকবি ভবপ্রীতানন্দ ওঝা। ভবপ্রীতানন্দ ওঝার আত্মপরিচয় থেকে জানা যায় তিনি মিথিলার বিশ্বপঞ্চক গ্রামে জন্মগ্রহণ করেন। পিতার নাম-ত্রিপুরানন্দ ওঝা। কবির পূর্বপুরুষগণ যথেষ্ট পণ্ডিত ব্যক্তি ছিলেন এবং বৈদ্যনাথ ধামের পূজারী ছিলেন। সেই ভক্তিপ্রাণতা ভবপ্রীতানন্দের হৃদয়ে 'ভক্তিরসধারা', হয়ে প্রবাহিত হয়েছিল, যার প্রকাশ ঘটেছিল তাঁর রচিত ঝুমুর গানগুলিতে। বাউলসাধকদের চিন্তাচেতনার সঙ্গে ভবপ্রীতানন্দ রচিত ঝুমুর গানগুলির অনেক ক্ষেত্রেই সাদৃশ্য লক্ষ করা যায়। বাউলগানের সঙ্গে ভবপ্রীতানন্দ রচিত ঝুমুর গানগুলির মূলগত সাদৃশ্য আলোচনা করাই আমাদের এই নিবন্ধের আলোচ্য বিষয়।

বাউল গান হিন্দু-মুসলমান উভয় সম্প্রদায়ের বাউল সাধকদের দ্বারা রচিত হয়েছে এবং এখনও এই ধারা অব্যাহত আছে। এর বিষয়বস্তুও নানান বৈচিত্র্যে পূর্ণ। তবে রাধাকৃষ্ণ প্রেমলীলা এর প্রধান অবলম্বন। বহু বাউলগানে রাধাকৃষ্ণ প্রেমলীলাকে সরাসরি তুলে ধরা হলেও বেশিরভাগ ক্ষেত্রেই ব্যঞ্জনার মাধ্যমেই বাউল সাধকেরা এই কাজটি করেছেন। এই সাংকেতিকতাকে বাউলগানের অন্যতম প্রধান বৈশিষ্ট্য বলে মনে করা হয়। অন্যদিকে ঝুমুর গানে নানান বিষয় স্থান পেলেও রাধাকৃষ্ণের প্রেমলীলা এর প্রধান অবলম্বন। ভবপ্রীতানন্দ ওঝা তাঁর 'বৃহৎ ঝুমুর রসমঞ্জরী'র ভূমিকায় রাধাকৃষ্ণ প্রেমলীলাই ঝুমুরগানের প্রেরণাস্থল বলে জানিয়েছেন। এমনকি স্বয়ং শ্রীকৃষ্ণ ঝুমুরগানের মাধ্যমেই শ্রীরাধার প্রেমকথা প্রকাশ করতেন বলেও উল্লেখ করেছেন—

বঙ্গের অন্যান্য স্থান অপেক্ষা সীওতাল পরগণায় ঝুমুর সমধিক প্রচলিত। অত্রস্থ অধিবাসীদের ধারণা যে নন্দ-নন্দন-শ্রীমধুসূদন গোকুল নগরে বাসকালীন শ্রীমতীর প্রেমে বিভোর হইয়া, নীল সলিলা উশ্মিমালামণ্ডিতা যমুনার চারু শ্যামলতটে বংশীধ্বনি দ্বারা শ্রীরাধার প্রণয় গীতিকা ঝুমুরছন্দে প্রকাশ করিতেন এবং এই ঝুমুর গান করিয়া মণ্ডলাকারে রাসে নৃত্য করিতেন।'